দৈনিক ইনকিলাব

তারিখ 23 MAY 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রসঙ্গে

গত ৬ মে একটি দৈনিক পত্রিকায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। এতে ভর্তির যোগ্যতা চাওয়া হয়েছে বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাস। কিন্তু যারা আলিয়া মাদ্রাসা হতে ফাজিল এবং কামিল পাস করেছে তাদের কথা বলা হয়নি। অথচ সমমানের দিক দিয়ে ফাজিলকে বিএ (পাস) কামিলকে এমএ সমমান প্রদান করা হয়েছে। এমনকি ইসলামী ব্যাংকে লোক নিয়োগের ক্ষেত্রে সাধারণ বিশ্ববিদ্যালয় থেকে বিএ ও এমএ পাসের যে মর্যাদায় চাকরি, ফাজিল ও কামিল পাসদের সে মর্যাদা প্রদান করা হয়। তাই আমার প্রশ্ন, কেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ভর্তির ক্ষেত্রে ফাজিল এবং কামিল পাসদের বাদ দেয়া হল? যেখানে বর্তমানে প্রাচ্যের অক্সফোর্ড ঢাকা বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিষয়গুলিতে প্রতিযোগিতা করে ১ম, ২ম স্থান অধিকার করে আবার ইসলামী শরীয়াহ্ ও আধুনিক পদ্ধতিতে পরিচালিত ব্যাংক ব্যবস্থাপনার ক্ষেত্রেও পিছিয়ে নেই সেখানে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ভর্তির যোগ্যতা বাদ দেয়া হল মাদ্রাসায় শিক্ষিত ফাজিল ও কামিল পাসদের। অতএব, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আবেদন, চলতি শিক্ষা বর্ষে পুনরায় পত্রিকা মাধ্যমে বিজ্ঞপ্তি প্রদান করা হউক এবং মাদ্রাসার ছাত্রদের ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হোক।

—মোঃ কবিরুল হাসান,
৭৩, মানিকনগর, ঢাকা-১২০৩।